রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ২৬, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৭৭.১৬/৮১৭**—যেহেতু, জনাব মোঃ মাহবুব আলম সোহেল পিতা-মৃত নূরুল ইসলাম, মহল্লা-ভোগপাড়া, কটিয়াদী পৌরসভা, জেলা-কিশোরগঞ্জ কটিয়াদী পৌরসভার ১নং ওয়ার্ড কাউন্সিলর; এবং

যেহেতু, জনাব মোঃ মাহবুব আলম সোহেল অক্টোবর, ২০১৭ হতে ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে পৌরসভার মাসিক সভায় অনুপস্থিত ছিলেন; এবং

যেহেতু, জনাব মোঃ মাহবুব আলম সোহেল, ওয়ার্ড কাউন্সিলর, কটিয়াদী পৌরসভার বিরুদ্ধে বিজ্ঞ মহানগর, দায়রা জজ আদালতে সি আর ৪৮৪/২০১৫নং মামলায় ১(এক) বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ ধারা (১) মোতাবেক যেক্ষেত্রে কোন পৌরসভার কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে অথবা তার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হয়েছে, সে ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে; এবং

যেহেতু, অক্টোবর, ২০১৭ হতে ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে পৌরসভার মাসিক সভায় অনুপস্থিত থাকা এবং বিজ্ঞ মহানগর, দায়রা জজ আদালতে সি আর ৪৮৪/২০১৫ নং মামলায় ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করায় জনাব মোঃ মাহবুব আলম সোহেল কর্তৃক ওয়ার্ড কাউন্সিলর হিসাবে দায়িত্ব পালন করা হলে পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতির সঞ্চার হতে পারে বিধায় তাঁর কর্তৃক কাউন্সিলরের ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী এবং জনপ্রতিনিধি হিসেবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাঁকে কাউন্সিলরের পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, কিশোরগঞ্জ জেলার কটিয়াদী পৌরসভার ১নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মাহবুব আলম সোহেলকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্দেশক্রমে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা মান্নান**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd